**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 09-07-2025** **Desk in Charge :**

**Time: 7-35 AM** **Editor: DSS**

**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ Announcement :-

আকাশবাণী / খবর পড়ছিঃ –

১/ কলকাতা হাইকোর্ট, স্কুল সার্ভিস কমিশন SSC-র নতুন নিয়োগ পরীক্ষায় অযোগ্য হিসেবে চিহ্নিতরা বসতে পারবে না বলে যে নির্দেশ দিয়েছে, তাকে চ্যালেঞ্জ জানিয়ে SSC ও রাজ্য সরকার, আদালতের দ্বারস্থ হয়েছে। # আজ এর শুনানির সম্ভাবনা।

২/ রাজ্যের কলেজগুলিতে, যোগ্য প্রার্থীদের পরিবর্তে শাসকদলের নেতা-কর্মীদের নিয়োগ করা হয়েছে বলে বিজেপির অভিযোগ।

# এদিকে হাইকোর্টের নির্দেশে কলেজ বিশ্ববিদ্যালয়গুলির ইউনিয়ন রুম বন্ধ রাখার জন্য উচ্চশিক্ষা দফতর S O P তৈরির নির্দেশিকা জারি করেছে।

৩/ দক্ষিণ কলকাতার কসবার ল’কলেজে তরুণী ছাত্রীর গণধর্ষণের ঘটনায়, পুলিশ যথাযথ তদন্ত করছেনা বলে, বিজেপি অভিযোগ করেছে।

৪/ মালদার ইংরেজবাজারের লক্ষ্মীপুর বাজার এলাকায় দুটি গোষ্ঠীর সংঘর্ষের ঘটনায় এক পুলিশকর্মী সহ তিন সিভিক ভলান্টিয়ার আহত হওয়ার ঘটনায়, গোটা এলাকা এখনো থমথমে।

৫/ শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশনগুলি আজ দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে।

৬/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট নিম্নচাপ, ধীরে ধীরে পশ্চিম উত্তর পশ্চিমে ঝাড়খন্ডের দিকে অগ্রসর হচ্ছে। এই নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজ এবং আগামীকাল’ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

*************************************************************************

কলকাতা হাইকোর্ট, স্কুল সার্ভিস কমিশন SSC-র নতুন নিয়োগ পরীক্ষায় অযোগ্য হিসেবে চিহ্নিতরা বসতে পারবে না বলে যে নির্দেশ দিয়েছে, তাকে চ্যালেঞ্জ জানিয়ে SSC ও রাজ্য, আদালতের দ্বারস্থ হয়েছে। বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ আজ এব্যাপারে মামলা দায়েরের অনুমতি দিয়েছে। আজ শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে জারি হওয়া SSC-র নতুন বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল আবেদনের শুনানি গ্রহণ করে বিচারপতি সৌগত ভট্টাচার্য্য গতকাল জানান, অযোগ্য হিসেবে চিহ্নিতরা পরীক্ষায় বসতে পারবে না। এধরণের কোন প্রার্থী আবেদন করে থাকলে, তা'ও বাতিল করতে হবে।

সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মী চাকরী বাতিলের পর গত ৩০ শে মে নতুন করে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে শিক্ষা দপ্তর। প্রায় ৪৪ হাজার শূন্যপদের ঐ বিজ্ঞপ্তি নিয়ম মেনে হয়নি বলে দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

এদিকে, ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়া নিয়ে রাজ্য শিক্ষা দপ্তরের জারি করা নতুন বিজ্ঞপ্তিকে ডিভিশন বেঞ্চে চ্যালেঞ্জ জানিয়েছেন যোগ্য চাকরীপ্রার্থীদের একাংশ। এর আগে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে চারটি দাবি জানিয়ে তারা আবেদন করেন। তার মধ্যে অযোগ্য প্রার্থীদের পরীক্ষায় না বসার নির্দেশ দেওয়া হলেও, নতুন রুল জারি করে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি বাতিল, যোগ্যদের বয়স ছাড় এবং অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিষয়টি খারিজ করার দাবিগুলিতে সিঙ্গল বেঞ্চ কোনো নির্দেশ দেয়নি। দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে আজ এই মামলাটির শুনানি হতে পারে।

*********************

সুপ্রিম কোর্টের নির্দেশে বাতিল হয়ে যাওয়া চাকরি ফেরানোর দাবিতে গতকাল নবান্ন অভিযানে সামিল হন, চাকরিহারা শিক্ষা কর্মীদের একাংশ। 'যোগ্য গ্রুপ সি, গ্রুপ ডি অধিকার মঞ্চ' এর তরফে এই অভিযানের ডাক দেওয়া হয়। ১০/১২ জনের একটি

প্রতিনিধি দল কড়া পুলিশি নিরাপত্তায় সন্ধ্যায় নবান্ন সভাঘরে রাজ্যের অবর সচিব অবনিত পুনিয়ার সঙ্গে বেশ কিছুক্ষণ বৈঠক করেন। তবে বৈঠকের বিষয় নিয়ে কোন পক্ষই কিছু বলেননি।

*********************

রাজ্যে কলেজগুলিতে যোগ্য প্রার্থীদের পরিবর্তে শাসকদলের নেতাকর্মীদের নিয়োগ করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিভিন্ন কলেজে নিযুক্ত অভিষেক ব্যানার্জির ঘনিষ্ঠ ৫০ জনের ছবি সহ তালিকা প্রকাশ করেন। তিনি বলেন, যোগ্য প্রার্থীরা সুযোগ পায়নি অথচ বিভিন্ন কলেজে তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের নেতাকর্মীদের সুযোগ পাইয়ে দেওয়া হয়েছে। শ্রী অধিকারী তালিকায় তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের কোন নেতা নেত্রী কোথায় নিযুক্ত হয়েছে তা তুলে ধরেন। তিনি জানান, অধিকাংশ কলেজে ছাত্র সংসদের কক্ষগুলোকে দুর্নীতির কেন্দ্রে পরিণত করা হয়েছে।

*********************

রাজ্যের কলেজ, বিশ্ববিদ্যালয়গুলির ইউনিয়ন রুম বন্ধ রাখার নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। আদালতের ওই নির্দেশের ভিত্তিতে এ ব্যাপারে একটি 'স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর' বা S O P তৈরির জন্য উচ্চশিক্ষা দফতর নির্দেশ দিয়েছে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

( বাইট- শিক্ষামন্ত্রী/ S O P )

*********************

আদালতের নির্দেশ পেলেই রাজ্যে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে'ও শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা সুপ্রিম কোর্টে বিচারাধীন আছে। এই কারণেই জয়েন্টের ফল প্রকাশ করা যাচ্ছে না।

*********************

দক্ষিণ কলকাতার কসবার ল'কলেজে তরুণী ছাত্রীর গণধর্ষণের ঘটনায়, পুলিশ যথাযথ তদন্ত করছেনা বলে, বিজেপি অভিযোগ করেছে। ওই ঘটনা খতিয়ে দেখতে আসা

বিজেপির ‘ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি’, আজ নতুন দিল্লীতে দলের সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডার কাছে তাদের রিপোর্ট পেশ করে। পরে ঘটনা পরিদর্শনে আসা কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্য সত্যপাল সিং সাংবাদিকদের বলেন, পুলিশ সমস্ত তথ্য বিকৃত করেছে। ঘটনার মূল অভিযুক্তের নামই FIR থেকে সরিয়ে দেওয়া হয়েছে বলেও তাঁর দাবী।

উল্লেখ্য, বিজেপির চার সদস্যের ওই কমিটি, তাদের রিপোর্টে নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্তের সুপারিশ করেছে। সত্যপাল সিং ছাড়াও কমিটিতে ছিলেন, মীনাক্ষী লেখি, বিপ্লব দেব, মনন কুমার মিশ্র। রিপোর্টে আরও বলা হয়েছে, এই ঘটনায় তথ্য গোপন করতে কিংবা কোনো প্রভাবশালীকে বাঁচাতে অভিযুক্তদের নাম না লিখে শুধুমাত্র তাদের নামের আদ্যক্ষর লেখা হয়েছে।

জগত প্রকাশ নাড্ডাও এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, এই রিপোর্টে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি এবং মহিলাদের নিরাপত্তার প্রতি রাজ্য সরকারের উদ্বেগজনক অসংবেদনশীলতা প্রকাশ্যে এসেছে।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস, কসবা কাণ্ডে বিজেপির ‘ফ্যাক্ট ফাইন্ডিং টিমে’র রিপোর্ট নিয়ে কটাক্ষ করেছে। দলের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ গতকাল এক সাংবাদিক সম্মেলনে প্রশ্ন তোলেন পুলিশ যেখানে অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গেই অভিযুক্তদের গ্রেফতার করেছে, সেখানে ‘ফ্যাক্ট ফাইন্ডিং টিমে’র ভূমিকা কী।

*********************

অভয়া কাণ্ডের এক বছর পর, ফের একবার ‘রাতভর প্রতিবাদ’ কর্মসূচীর ডাক দিয়েছে ‘ওয়েস্টবেঙ্গল জুনিয়র ডক্টরস্ ফ্রন্ট’।

গতকাল এক সাংবাদিক বৈঠকে ফ্রন্টের সদস্য ডক্টর দেবাশীষ হালদার, অনিকেত মাহাতো সহ অন্যরা জানান, আগামী ৮ ই আগস্ট রাত বারোটা থেকে পরদিন ভোর চারটে পর্যন্ত রাস্তায় থাকবেন তাঁরা। দেবাশীষ জানান, ৯ই আগস্ট সকালে ‘ক্রাই অফ আওয়ার’-এর সামনে জমায়েত হবে। অভয়া কাণ্ডে নির্যাতনের ঘটনা রাজ্যবাসী ভোলেননি বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- ডাক্তার দেবাশীস )

অন্যদিকে, ৯'তারিখেই 'অভয়া মঞ্চ' কালীঘাট অভিযানের এবং বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী 'নবান্ন অভিযানে'র ডাক দিয়েছেন। শুভেন্দু গতকাল সাংবাদিকদের বলেন, রাজ্যে নারী নির্যাতন যেভাবে বেড়ে চলেছে, তার প্রতিবাদেই এই কর্মসূচী।

( বাইট- শুভেন্দু )

*********************

এদিকে, অভয়ার পরিবারের আইনজীবিরা আজ ঘটনাস্থল পরিদর্শন করতে পারবেন কিনা, সে ব্যাপারে শিয়ালদা আদালত আজ রায় ঘোষণা দেবে।

নির্যাতিতার পরিবারের আইনজীবি ফিরোজ এডুলজি, কলকাতা হাইকোর্টে এব্যাপারে আবেদন করেছিলেন। হাইকোর্ট এই নিষ্পত্তির দায়িত্ব দেয় শিয়ালদা আদালতকে।

*********************

মালদার ইংরেজবাজার ব্লকের নড়হাট্টা গ্রাম পঞ্চায়েতে লক্ষীপুর বাজার এলাকায় দুটি গোষ্ঠীর সংঘর্ষে এক পুলিশকর্মী সহ তিন সিভিক ভলান্টিয়ার আহত হওয়ার ঘটনায়, গোটা এলাকা এখনো থমথমে। মোতায়েন রয়েছে পুলিশ বাহিনী।

মহরমের মিছিলকে কেন্দ্র করে গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত ওই এলাকায় গতকাল নতুন করে উত্তেজনা ছড়ায়। একাধিক বাড়ি ও দোকান এবং গাড়ীতে ভাঙচুরের পাশাপাশি অগ্নিসংযোগ করা হয়। পুলিশ ঘটনাস্থলে গেলে তাদেরও লক্ষ্য করে ইট পাটকেল ছোঁড়া হয় বলে অভিযোগ।

আক্রান্ত পরিবারের সদস্যরা গতকাল জেলা বিজেপি নেতৃত্বের সঙ্গে ইংরেজ বাজার থানায় গিয়ে লিখিত অভিযোগ দায়ের করেন।

ইংরেজ বাজারের বিধায়ক বিজেপির শ্রীরূপা মিত্র চৌধুরী এলাকায় শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ধর্না দেন। তিনি অভিযোগ করেন, মালদা ও মুর্শিদাবাদ জেলাকে উত্তাল করার ষড়যন্ত্র হচ্ছে।

*********************

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য দলকে ঐক্যবদ্ধ করার ডাক দিয়েছেন। গতকাল দলীয় কার্যালয়ে কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, ক্ষণিকের দূরত্ব তৈরি হতে

পারে। তবে তার জন্য কাউকে দূরে সরিয়ে না রাখতে আবেদন জানিয়ে তিনি বলেন, কোন কর্মী যেন দলের বাইরে না থাকে।

( বাইট- শমীক )

*********************

শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশনগুলি আজ দেশ জুড়ে সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে। SFI, আইসা, AISF, ও PSU সহ বামপন্থী ৫ টি ছাত্র সংগঠন এই ধর্মঘটকে সমর্থন জানিয়েছে। এতে সামিল হচ্ছে বিভিন্ন ব্যাঙ্কের শ্রমিক সংগঠনগুলি।

এর প্রেক্ষিতে রাজ্য সরকার, আজ সব সরকারি ও আধা সরকারি দপ্তরের কর্মীদের ছুটি বাতিল করেছে।

এদিকে, সাধারণ ধর্মঘটে জনজীবন সচল রাখতে সরকারের তরফে প্রয়োজনীয় সবরকমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

তবে, ধর্মঘটে রাজ্য জুড়ে এখনো তেমন প্রভাব লক্ষ্য করা যায়নি। সব'ই প্রায় স্বাভাবিক।

*********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট নিম্নচাপ, ধীরে ধীরে পশ্চিম উত্তর পশ্চিমে ঝাড়খন্ডের দিকে অগ্রসর হচ্ছে। এই নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজ এবং আগামীকাল দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা। পশ্চিম বর্ধমান, বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলায় আজ ভারী বৃষ্টি হতে পারে।

**********************************************************************